

## ঘুমুর ভিটে

এখানে পৃথিবী এখনো অসমান  
এখানে জন্মলগ্ন আজও গোত্রহীন।  
এখানে ভিটেতে ঘুমুর কোলাহল  
এখানে ল্যাম্পপোস্ট, প্রতীক্ষার দিন।

এখনো করুক্ষেত্র আবৃত এখানে  
এখনো ভীষ্ম, কর্ণ, দ্রোণ—এখানে,  
এখনো কুরুপিতা দেখেনি দিনের আলো  
এখনো আর্জুনীর মৃত্যু এখানে।

এখানে বাডের এককে এক দীর্ঘশ্বাস  
এখানে সাগর শুধু অশান্ত বিক্ষোভ,  
এখানে গান্ধীব, ছিলা ছেঁড়া অক্ষম  
এখানে পাণ্ডুজন্য গান্ধারীর রোদন।

এখনো কৌরবী বিধবা এখানে  
এখনো লাঙলে ওঠে কৌরবের হাড়,  
এখনো যুদ্ধ জেতেনি পান্ডব  
এখনো চক্রব্যূহ রচিত এখানে।

## শুধু আপনাদের জন্য

আমিই সেই পুরুষ—

শহরের রাস্তায়, গ্রামের খেতে, পাহাড়ে জঙ্গলে  
যাকে আপনি বোঝা কাঁধে নিয়ে কুঁজো হয়ে হাঁটতে দেখেন,  
আমি সেই পুরুষ।

আমিই সেই পুরুষ

যাকে আপনি গল্প-কবিতা উপন্যাসে মহীয়সীদের পাশে দেখেছেন অহরহ  
যাকে আপনি জেনেছেন ব্যভিচারী, লম্পট, মদ্যপ, কামুক;  
যাকে আপনি ভেবেছেন স্বেচ্ছাচারী বলে;  
যাকে আপনাকে বোঝানো হয়েছে নারী বিদ্রোহী, নির্যাতক হিসাবে—  
আমিই সেই পুরুষ।

আমিই সেই পুরুষ

মুখ থেকে মাতৃদুগ্ধের গন্ধ মেলানোর আগেই  
বর্ণপরিচয়ের অক্ষরে যার মুখে ভাত হয়েছিল  
আর তিন বছরের জন্মদিনের আগেই যাকে ধাক্কা মেরে পাঠানো হয়েছিল  
ইঁদুর দৌড়ের মাঠে—  
যার নরম মেরুদণ্ডের উপর বস্তু ভরে চাপিয়ে দেওয়া হয়েছিল  
একরাশ বইয়ের বোঝা  
আর যার মস্তিষ্কের কোষগুলির চারদিক ঘিরে রাখা হয়েছিল  
একাধিক পথপ্রদর্শক দিয়ে—  
শৈশব থেকেই লড়াইয়ের লাঙল যার গলায় বেঁধে দেওয়া হয়েছিল  
আমিই সেই পুরুষ।

আমিই সেই পুরুষ

যে অষ্টমীর সকালে প্রেমিকাকে নিয়ে একসাথে অঞ্জলি দিতে পারেনি  
আমাকে সেই সময় ত্রি-মাত্রিক জ্যামিতির সমাধান করতে হয়েছিল  
যাতে ভবিষ্যতে আপনাকে জড়োয়ার সেট কিনে দিতে পারি পুজোয়;  
বিকেলের নরম আলোয় কোনদিন ঘাসে পা রাখতে পারিনি  
আমার সেই সময়টা কিনে নিয়েছিল আপনাদের নগ্ন প্রত্যাশা!  
সেটাও আমাকে মেনে নিতে হয়েছিল  
তাও আপনার জন্য।